



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 খাদ্য অধিদপ্তর  
 অভ্যন্তরীণ সংগ্রহ শাখা  
 খাদ্য ভবন, ১৬ আবুল গণি রোড, ঢাকা-১০০০  
 www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৭.২২৭.২০.২০১

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৭

১৩ জুলাই ২০২০

বিষয়: বিভিন্ন উৎস হতে সরবরাহকৃত বস্তার গুণগত মান যাচাইপূর্বক বিনির্দেশসম্মত বস্তা গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী ও খাদ্য অধিদপ্তরের কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে পরিদর্শনকালে বিভিন্ন গুদামে বিনির্দেশ বহির্ভূত বস্তা দেখতে পেয়েছেন। এতে বস্তা গ্রহণ কমিটির দায়িত্বে অবহেলা রয়েছে বলে মর্মে প্রতীয়মান হয়, যা অনাকাঙ্ক্ষিত। এছাড়া বস্তার বেল এর মধ্যে বিনির্দেশ বহির্ভূত বস্তা থাকলে তা ব্যবহারকালে গুদাম কর্মকর্তার নজরে আসার কথা। কিন্তু বস্তা ব্যবহারের পর খাদ্যশস্য ভর্তি অবস্থায় বিনির্দেশ বহির্ভূত বস্তা পাওয়া যাওয়ায় প্রতীয়মান হয় যে, ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ তাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালন করছেন না। বস্তা গ্রহণ কমিটি ও বস্তা ব্যবহারকারী ভারপ্রাপ্ত কর্মকর্তাগণের এ বিষয়ে আরও সতর্কতার সাথে তাদের দায়িত্ব পালন করা প্রয়োজন। বস্তা গ্রহণকালে ও ব্যবহারকালে যখনই বিনির্দেশ বহির্ভূত বস্তা পাওয়া যাবে তাতক্ষণিক তা উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানাতে হবে।

এমতাবস্থায়, ভবিষ্যতে বিভিন্ন উৎস হতে সরবরাহকৃত বস্তার মান সুচারুভাবে যাচাইপূর্বক বিনির্দেশসম্মত বস্তা গ্রহণসহ বস্তা ব্যবহারকালে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে নির্দেশনা প্রদান করা হলো। এর ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট বস্তা গ্রহণ কমিটি দায়ি থাকবেন এবং জড়িতদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬-৭-২০২০

সারোয়ার মাহমুদ

মহাপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৭.২২৭.২০.২০১/১(২)

তারিখ: ২৯ আষাঢ় ১৪২৭  
 ১৩ জুলাই ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়
- ২) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর। পত্রিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে বস্তা সংক্রান্ত তথ্যে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।

১৬-৭-২০২০

সারোয়ার মাহমুদ

মহাপরিচালক